

বরিশালে কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত ছয় সেমিস্টারের প্রশ্নপত্র ফাঁসের অভিযোগে পাঁচজনকে আটক করেছে পুলিশ। গতকাল বুধবার দুপুরে নগরীর কাশিপুরের ইনফ্রা পলিটেকনিক কলেজসংলগ্ন একটি বাসা থেকে তাঁদের আটক করা হয়। এ ঘটনায় বিমানবন্দর থানায় পাবলিক পরীক্ষা আইনে একটি মামলা হয়েছে। জব্দ করা প্রশ্নপত্রের সঙ্গে মূল প্রশ্নপত্রের হুবহু মিল পাওয়ায় গতকালের সংশ্লিষ্ট পরীক্ষা স্থগিত করা হয়।

আটকৃতরা হলেন পিরোজপুরের মঠবাড়িয়ার জাহিদুল ইসলাম (১৯), পটুয়াখালীর মির্জাগঞ্জের আবু নাসিম (২০), বরগুনার পাথরঘাটার আমিমুল ইসলাম ওরফে নাহিম (২০), বাউফলের মদনপুরা গ্রামের সাকিবর হোসেন ওরফে সোহেল (২০) ও বরিশালের বাকেরগঞ্জ নলুয়া গ্রামের তারেক রহমান (১৯)। তাঁরা সবাই ইনফ্রা পলিটেকনিক কলেজের শিক্ষার্থী। বরিশাল মেট্রোপলিটন পুলিশের মুখপাত্র সহকারী কমিশনার (এসি) নাহির উদ্দিন মল্লিক জানান, গোপন সংবাদ পেয়ে মঙ্গলবার রাতে ইনফ্রা পলিটেকনিক কলেজের পেছনের একটি ভবনে অভিযান চালানো হয়।

[Print](#)

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com